

স্মারক নং:-০৫.৩০.৬৮৭৬.০১১.৯৯.০৭১.১৮-৫৮৯


তারিখ: ০৭ চৈত্র ১৪৩০  
২১ মার্চ ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২০০৬ সালে শিবপুর উপজেলার চক্রধা ও মাছিমপুর ইউনিয়নের ০৭ টি মৌজা নিয়ে শিবপুর পৌরসভা গঠন করা হয়। ২০০৬ সালেই মাছিমপুর ইউনিয়নের বড় আশ্রাফপুর এবং বাকারদিয়া মৌজা ০২ (দুই) টি পৌরসভা থেকে বাদ দেয়ার জন্য জনাব গিয়াস উদ্দিন খান এবং জনাব মো: রুহুল আমিন মহামান্য হাইকোর্টে ০২ (দুই) টি রিট পিটিশন দাখিল করেন। পরবর্তীতে ২০১৩ সালে খন্দকার আব্দুল মান্নান এবং ২০১৪ সালে (১) জনাব ওমর ফাতেমা স্মৃতি; (২) জনাব মো: মোশাররফ মৌশান মহামান্য হাইকোর্টে আরও ০২ (দুই)টি রিট পিটিশন দাখিল করেন। এতে প্রতিয়মান হয় যে শিবপুর পৌরসভা, চক্রধা ও মাছিমপুর ইউনিয়নের সীমানা ও অন্যান্য বিষয় নিয়ে মহামান্য হাইকোর্টে সর্বমোট ০৪(চার)টি রিট পিটিশন দাখিল করা হয়েছিল।

ক্রম	রিট পিটিশন নং	বাদীর নাম	মন্তব্য
০১	৯৩৫১/২০০৬	জনাব মো: মতিউর রহমান	--
০২	১০৩৪১/২০০৬	জনাব গিয়াস উদ্দিন খান	
০৩	১১৪০/২০১৩	জনাব খন্দকার আব্দুল মান্নান	
০৪	৮২০৯/২০১৪	১) জনাব ওমর ফাতেমা স্মৃতি ২) জনাব মো: মোশাররফ মৌশান	

২। শিবপুর পৌরসভা, চক্রধা ও মাছিমপুর ইউনিয়নের সীমানা ও অন্যান্য বিষয় নিয়ে উক্ত ০৪ (চার) টি রিট পিটিশনের বাইরে আর কোন মামলা অথবা রিট পিটিশন থাকলে সর্বসাধারণকে আগামী ১৫( পনেরো) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট সংশ্লিষ্ট কাগজপত্রসহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় শিবপুর পৌরসভা, চক্রধা ও মাছিমপুর ইউনিয়নের সীমানা ও অন্যান্য বিষয় নিয়ে উক্ত ০৪ (চার) টি রিট পিটিশনের বাইরে আর কোন মামলা অথবা রিট পিটিশন নাই বলে ধরে নেয়া হবে। উল্লেখ্য অত্র কার্যালয়ে এই ০৪ (চার) টি রিট পিটিশনের বাইরে কোন কাগজপত্র পাওয়া যায় নাই।

  
২১. ৩. ২৪  
শাহ মো: সজীব  
উপজেলা নির্বাহী অফিসার  
শিবপুর, নরসিংদী  
ফোনঃ-+৮৮০২২২৪৪৮৮০০১  
ই-মেইল-unoshibpur@mopa.gov.bd